

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০১-১৫/১৭০

তারিখঃ ৩০ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
১৩ মে ২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর স্মারক নং-৮০.১০৪.০১১.০০.০০.০১০.২০১১/৫৫৭, তারিখঃ ২১/১০/২০১৫ খ্রিঃ এর মাধ্যমে সুপারিশকৃত ৮৫ (পঁচাশি) জন প্রার্থীর মধ্যে মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশকৃত ০১ (এক) জন প্রার্থীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুদ্ধ, আবগারী ও ভ্যাট অনুবিভাগে সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) তাঁকে শুদ্ধ, আবগারী ও ভ্যাট ট্রেনিং একাডেমীতে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/দপ্তরে অনূন ০৩(তিন) মাসের বুনয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকুরির সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্তৃপক্ষ যেকোন স্থির করবে সেদুপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসীকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁর শিক্ষানবিসী মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে শিক্ষানবিসী মেয়াদে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ (ক) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে তাঁর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) চাকুরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প-এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন;

(চ) তাঁর ইস্তফাপত্র সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংগীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সাময়িক প্রত্যয়নকৃত প্রার্থীর ক্ষেত্রে চাকুরিতে যোগদানকালে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে অঙ্গিকারনামা দাখিল করতে হবে যে তিনি মুক্তিযোদ্ধা কোটায় চাকুরি লাভ করেছেন এবং তাঁকে ছকের ৫ (পাঁচ) নং কলামে বর্ণিত শর্ত পূরণ করতে হবে। চূড়ান্ত যাচাই-বাছাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তিনি গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যাপন করতে বাধ্য থাকবেন।

(ড) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।



০২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৭/০৫/২০১৮ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা মহোদয়কে সম্বোধনপূর্বক তিনি তাঁর যোগদানপত্র পদায়নকৃত কর্মস্থলে দাখিল করবেন। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং অত্র নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হতে পারে।

০৩। পদের নামঃ সহকারী রাজস্ব কর্মকর্তা।
নিয়োগপ্রাপ্তঃ ০১ (এক) জন।

ক্রঃ/নং	রেজিঃ নং	নাম ও জন্ম তারিখ	নিজ জেলা	প্রযোজ্য শর্ত	পদায়নকৃত কর্মস্থল
১	২	৩	৪	৫	৬
১.	০৭৭০৪৫	জনাব মোঃ তৌফিক হাসান ২৮/১০/১৯৮২	নরসিংদী	মুক্তিযোদ্ধার নিজ নাম ও পিতার নামের পার্শ্বক্য নিরসনের জন্য গেজেট সংশোধন করতে হবে। গেজেট সংশোধন ব্যতীত চাকুরি স্থায়ীকরণ করা হবে না।	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

তারিখঃ-১৩/০৫/২০১৮ খ্রিঃ

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০১-১৫/১৭০ ()

তারিখঃ ৩০ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
১৩ মে ২০১৮ খ্রিস্টাব্দ

১. চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সদস্য(শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৫. কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/আইসিডি/বেনাপোল/মোংলা/পানগাঁও।
৬. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম), ঢাকা/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/খুলনা/সিলেট।
৭. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা/শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৮. কমিশনার কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
৯. মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যাপন পরিদপ্তর, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
১০. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১৪. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট।
১৫. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা/যশোর।
১৬. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শার্শা, যশোর।
১৭. ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক ও ভ্যাট অনুবিভাগ এর সকল সদস্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৮. ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৯. জনাব.....
২০. ব্যক্তিগত নথি।

বর্ণিত প্রার্থীর যোগদানকালে জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রেরিত প্রার্থীর ছবির স্থান কপির সাথে মিলিয়ে তার যোগদান পত্র গ্রহণ ও প্রার্থীর যোগদান সংক্রান্ত সকল কাগজপত্রের মূল কপি যোগদানের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কমিশনার/মহাপরিচালককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(খান মোঃ রেজা-উন-নবী)
দ্বিতীয় সচিব (শঃঃঃঃঃ-৩)

ফোনঃ ৮৩৯২১৬২

e-mail: nbr.cev3@gmail.com